



স্মারক নং-উখানি/নাজিরপুর/খাদ্যবান্ধব/১৬৭

তারিখঃ ২০/১১/২০২৪ খ্রিঃ

নাজিরপুর উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয় কর্তৃক ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ২০৬ নং স্মারকে জারিকৃত খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪, খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ২০৭ নং পরিপত্রের নির্দেশনা ও উপজেলা কমিটির ১১/১১/২০২৪ খ্রি. তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নাজিরপুর উপজেলার সকল ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির জন্য প্রতি ইউনিয়নের নিম্নলিখিত নির্বাচিত কেন্দ্রে ০১ জন করে খাদ্যবান্ধব কর্মসূচি ডিলার নিয়োগ করা হবে। ডিলার পয়েন্ট/ বিক্রয়কেন্দ্র নিম্নরূপঃ

ক্রমিক নং	ইউনিয়ন	নির্বাচিত কেন্দ্র
০১	মাটিভাঙ্গা	তারাবুনিয়া বাজার
০২	মালিখালী	সাচিয়া বাজার
০৩	দেউলবাড়ী	গাওখালী বাজার
০৪	দীর্ঘা	দীর্ঘা বাজার
০৫	শাখারিকাঠী	শাখারিকাঠী বাজার
০৬	নাজিরপুর	চিখলিয়া বাজার
০৭	শেখমাটিয়া	বাবুরহাট বাজার
০৮	শ্রীরামকাঠী	শ্রীরামকাঠী বাজার
০৯	কলারদোয়ানিয়া	বৈঠকাটা বাজার

নিম্নবর্ণিত শর্তাবলী পালনপূর্বক যোগ্যতা সম্পন্ন আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ:

- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- আবেদনকারীকে খাদ্যশস্যের হালনাগাদ খাদ্যশস্য/মুদি ব্যবসায়ের লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে (শুধুমাত্র খাদ্যবান্ধব ডিলারশীপের জন্য যারা খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ করবেন তাদেরকে আবশ্যিকভাবে ২৭/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে লাইসেন্স গ্রহণ করতে হবে)।
- আবেদনকারীকে নির্ধারিত বিক্রয়কেন্দ্রে নিজস্ব বা ভাড়ার দোকান থাকতে হবে। (আবেদনকালে প্রমাণক কাগজপত্র/ভাড়ার চুক্তিপত্র জমা দিতে হবে)।
- আবেদনকারীর কমপক্ষে ১৫ (পনের) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী নিরাপদ সংরক্ষণাগার থাকতে হবে এবং মেঝে পাকা থাকতে হবে।
- আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (দোকান/গুদাম) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- খাদ্য অধিদপ্তরের অন্য কর্মসূচির কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও ওএমএস ডিলার হিসেবে কার্যরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- খাদ্যবান্ধব ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
- খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০১৭ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণও নীতিমালা-২০২৪ মোতাবেক নতুনভাবে আবেদন করতে পারবেন।
- আবেদনকারীকে বর্ণিত যে কোন একটি বিক্রয় কেন্দ্রের অনুকূলে আবেদন করতে হবে। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী যোগ্য বিবেচিত হলে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছ হতে হবে (আবেদন পত্রের সাথে ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ পত্র জমা দিতে হবে)।
- আবেদনকারীকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নাজিরপুর, পিরোজপুর হতে আবেদন ফরম ২৪/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ২৭/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে। আবেদন ফরম পূরন করে তার সহিত ক) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, গ) নাগরিকত্ব সনদ, ঘ) হালনাগাদ খাদ্যশস্য লাইসেন্সের সত্যায়িত কপি, ঙ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ, চ) নাজিরপুর সদর ইউনিয়ন পরিষদের হালনাগাদ ট্রেডলাইসেন্সের সত্যায়িত কপি, ছ) অজিকার নামা, জ) ১৫ মে. টনের অধিক খাদ্যশস্য ধারণক্ষম দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি সংযুক্ত পূর্বক ২৪/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ০১/১২/২০২৪ খ্রি. তারিখ বেলা ১-০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নাজিরপুর, পিরোজপুর-এ জমা প্রদান করতে হবে। আবেদন পত্রে আবেদিত বিক্রয় কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ডিলার হিসেবে নির্বাচিত হলে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার জামানত (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাজিরপুর, পিরোজপুর এর অনুকূলে দাখিলপূর্বক ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অজিকার নামা দাখিল করতে হবে এবং সরকারি কোষাগারে নির্ধারিত ফি জমা দিয়ে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারশীপ লাইসেন্স গ্রহণ করতে হবে।
- এই বিজ্ঞপ্তি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাজিরপুর, পিরোজপুর-এর ওয়েবপোর্টাল food.nazirpur.pirojpur.gov.bd এ পাওয়া যাবে।

উপজেলা খাদ্যবান্ধব কমিটি, নাজিরপুর, পিরোজপুর এর অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ জাকির হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ. দা)
নাজিরপুর, পিরোজপুর

ও

সদস্য সচিব-উপজেলা খাদ্যবান্ধব কমিটি।